



## বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০২২ এর পুরস্কার বিতরণী ও বসন্ত বরণ উৎসব অনুষ্ঠিত



১৫ ফেব্রুয়ারি ২০২৩-বুধবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির আয়োজনে কেন্দ্রীয় মিলনায়তনে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০২২ এর পুরস্কার বিতরণী ও বসন্ত বরণ উৎসব অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক। জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এবং শিক্ষক সমিতির সাবেক সভাপতি অধ্যাপক ড. মোঃ আবুল হোসেন। স্বাগত বক্তব্য প্রদান করেন শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. এ কে এম লুৎফর রহমান।

বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০২২-এ ভলিবল প্রতিযোগিতায় সায়েন্স অনুষদ চ্যাম্পিয়ন ও লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদ রানার আপ; টেবিল টেনিস প্রতিযোগিতায় পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. আইন-উল হুদা চ্যাম্পিয়ন ও প্রাণিবিদ্যা বিভাগের অধ্যাপক ড. এ. এইচ. এম. শফিউল্লাহ হাবিব রানার আপ; ক্যারাম (পুরুষ একক) প্রতিযোগিতায় ফিন্যান্স বিভাগের অধ্যাপক ড. মুহাম্মদ মঞ্জুর মুর্শেদ ভূঁইয়া চ্যাম্পিয়ন ও সিএসই বিভাগের সহযোগী অধ্যাপক ড. আবু লায়েক রানার আপ; ক্যারাম (পুরুষ দ্বৈত) প্রতিযোগিতায় আইইআর এর সহকারী অধ্যাপক কাজী ফারুক হোসেন ও প্রভাষক মোঃ মতিয়ার রহমান চ্যাম্পিয়ন এবং উদ্ভিদবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক বিভাস কুমার সরকার ও ড. মোহাম্মদ আলী রানার আপ; ক্যারাম (নারী একক) প্রতিযোগিতায় রসায়ন বিভাগের অধ্যাপক ড. গুলশান আরা চ্যাম্পিয়ন ও সহকারী অধ্যাপক অপর্ণা সরকার রানার আপ হওয়ার গৌরব অর্জন করেন। ভলিবল প্রতিযোগিতায় সায়েন্স অনুষদের অধিনায়ক হিসেবে ছিলেন ড. বিষ্ণুপদ ঘোষ ও লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের অধিনায়ক হিসেবে ছিলেন মনোবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. নূর মোহাম্মদ। এসময় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির নেতৃবৃন্দ সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।